

করোনার করুণা

—স্বপন ধর

হায় রে করোনা
তোর করুণার হিসেব কেন রাখিস না ।
জাতের পাল্লায় অঙ্ক কষছে জাতি,
একি সেই যে বিশ্বের শ্রেষ্ঠ প্রজাতি ।
রেখায় যখন কাটাকুটি খেলছে মরনের অভিলাষা,
একপা তোর স্বর্গে আরেক পা নরকে
এ কেমন বিলাসা ।
তোর রূপের আঘাতে সংখ্যায় লেগেছে আশংকা,
তারাই তো ভগবান যার গলায় বাজছে বিজয়ের ঢঙ্কা ।
পথে হাঁটছিস হাঁট, দেখবো আরও কতদূর
মনে রাখিস,
সেই জাতির ঘাড়েই তোর দণ্ডের হবে চুর ।।

